



বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন শাখা, পর্যটন ভবন, প্লট: ই-৫ সি/১,
পশ্চিম আগারগাঁও, শেরে বাংলা নগর প্রশাসনিক
এলাকা, ঢাকা-১২০৭।



শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনদের সঙ্গে অনুষ্ঠিত ২য় মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ মাহফুজুর রহমান মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এবং এপিএ টিম প্রধান
সভার তারিখ	৩১-১২-২০২০ খ্রি.
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	ভিডিও কনফারেন্সিং (Zoom Cloud), বাপক, প্রধান কার্যালয়
উপস্থিতি	ভিডিও কনফারেন্সিং (Zoom Cloud) রেকর্ড

সভাপতি অংশগ্রহণকারী সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। অতঃপর সভাপতি জনাব রমেন্দ্র নাথ মন্ডল, উপব্যবস্থাপক (প্রশাসন) ও বাপক-এর এপিএ টিমের ফোকাল পয়েন্ট-কে সভা সঞ্চালনা, সভা আহবানের উদ্দেশ্য ও অন্যান্য বিষয়ে বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করেন। সভাপতির নির্দেশনা অনুসরণে জনাব মন্ডল ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের কার্যক্রম [১.২]-এর লক্ষ্যমাত্রা অর্জনে (অক্টোবর-ডিসেম্বর ২০২০) শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে আয়োজিত সভায় অংশগ্রহণকারীদের উন্মুক্ত আলোচনার আহবান জানান।

২। জনাব মন্ডল বলেন সম্প্রতি (২০২০-২১ অর্থবছরের) বাপক কর্তৃক অনুসৃত উত্তম চর্চার তালিকা প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তালিকায় নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত রয়েছে।

(ক) বাপক-এর বাণিজ্যিক ইউনিটসমূহের অভ্যন্তরীণ কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণের জন্য ফেইসবুকে ইউনিট

ব্যবস্থাপকদের সমন্বয়ে ক্লোজ গ্রুপ গঠন;

(খ) বাপক-এর SOP প্রণয়ন ও প্রতিপালন এবং স্বাস্থ্য কিট প্রদান;

(গ) কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মকালীন প্রশিক্ষণ (OJT) ও অগ্নি নির্বাপন প্রশিক্ষণ আয়োজন;

(ঘ) প্রধান কার্যালয় চত্বরে সুপেয় পানি সরবরাহ ও তামাকমুক্ত হসপিটালিটি সেক্টর বাস্তবায়ন।

তালিকায় উল্লিখিত বিষয়গুলি নিয়ে অংশগ্রহণকারীগণ তাঁদের স্ব স্ব অভিমত ব্যক্ত করেন। বিশেষ করে তালিকাভুক্ত বিষয়গুলোর মধ্যে ক্রমিক (ক), (খ) ও (ঘ)-এর সার্বিক কার্যক্রম বাপক-এর প্রধান কার্যালয়সহ বাণিজ্যিক ইউনিটসমূহে সর্বোত্তমভাবে প্রতিপালিত হচ্ছে মর্মে সভায় আলোচনা করা হয়। এছাড়া ক্রমিক (গ)-এর কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মকালীন প্রশিক্ষণ (OJT) নিয়মিতভাবে আয়োজিত হচ্ছে। পাশাপাশি অগ্নি নির্বাপন প্রশিক্ষণের বিষয়েও কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়।

৩। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) মার্চ ২০২১ মাসে ৩য় সভার আয়োজন করতে হবে;

(খ) তালিকা অনুযায়ী উত্তম চর্চাসমূহ প্রতিপালন করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ মাহফুজুর রহমান
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এবং
এপিএ টিম প্রধান


স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.০৬.০০৪.২০.৭৭০

তারিখ: ১৬ পৌষ ১৪২৭

৩১ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৩) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৪) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বিপণন) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) অধ্যক্ষ (এনএইচটিআই) (ভারপ্রাপ্ত), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) ব্যবস্থাপক / ইউনিট ব্যবস্থাপক, ----- (সকল), বাংলাদেশ পর্যটন করপোরেশন



রমেন্দ্র নাথ মন্ডল
উপব্যবস্থাপক